From Page 26

ছ। বিডিআর কর্মকর্তা/কর্মচারীদের সন্তানদের জন্য। প্রার্থীর সত্যায়িত ছবি, পিতার রেজিমেন্ট নম্বর, পদবী, নাম উল্লেখপূর্বক স্থায়ী ঠিকানার সংশ্লিষ্ট ইউনিয়ন/পৌরসভা চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক স্বাক্ষরিত এবং উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক প্রতিস্বাক্ষরিত সনদপত্র উপস্থাপন করতে হবে। এছাড়া কর্মকর্তা/কর্মচারীদের পরিচয়পত্র/ছাড়পত্র/কার্যমুক্তিপত্র/পেনশন বহি নির্বাচনী পর্ষদের নিকট উপস্থাপন করতে হবে।

জ। মুক্তিযোদ্ধা, আনসার ও গ্রাম প্রতিরক্ষা, উপজাতী এবং সরকারি এতিমখানা নিবাসী (এতিম) সদস্য প্রার্থীদের ক্ষেত্রে।

(১) মুক্তিযোদ্ধা সন্তানদের জন্য। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত মুক্তিযোদ্ধা সনদপত্র ও পরিচয়পত্র সংগে আনতে হবে এবং উপস্থাপন করতে হবে। এছাড়া মুক্তিযোদ্ধার সন্তান হিসেবে চিহ্নিতকরণের জন্য স্থায়ী ঠিকানার স্থানীয় ইউনিয়ন/পৌরসভা চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক ঔরসজাত সন্তান হিসেবে প্রদত্ত প্রত্যায়নপত্র যা উপজেলা নির্বাহী কর্মকর্তা/১ম শ্রেণীর ম্যাজিস্ট্রেট দ্বারা প্রতিস্বাক্ষরিত হতে হবে।

(২) আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য। জেলা আনসার ও গ্রাম প্রতিরক্ষা এ্যাডজুটেন্ট এর প্রতিস্বাক্ষরিত, থানা কর্মকর্তা দ্বারা প্রদত্ত প্রত্যায়নপত্র এবং পরিচয়পত্র উপস্থাপন করতে হবে।

(৩) উপজাতীদের জন্য। উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক প্রদত্ত উপজাতী সনদপত্র উপস্থাপন করতে হবে।

(৪) সরকারি এতিমখানা নিবাসী (এতিম) সদস্য। সরকারি ও সরকারি নিবন্ধন প্রাপ্ত এতিমখানার প্রধান কর্মকর্তা কর্তৃক দেয় প্রশংসাপত্র যাতে প্রার্থী এতিম এবং প্রার্থীর পূর্বকালীন স্থায়ী ঠিকানা, জন্ম এবং এতিমখানা নিবাসের নিবন্ধনকৃত ব্যক্তিগত নম্বরও উল্লেখ থাকতে হবে।

৮। বিশেষ দ্রষ্টব্য।

ক। বয়স গণনার ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

খ। প্রার্থীকে অবশ্যই সাঁতার জানা থাকতে হবে।

গ। এক জেলার প্রার্থী অন্য জেলা ভর্তির জন্য অযোগ্য বলে বিবেচিত হবে।

ঘ। কোন বাহিনী/সংস্থা/সরকারি প্রতিষ্ঠান হতে শৃঙ্খলা/চিকিৎসাজনিত কারণে চাকুরীচ্যুত/অসমর্থ প্রার্থীগণ ভর্তির জন্য অযোগ্য বিবেচিত হবে।

ঙ। ভর্তির জন্য আগত প্রার্থীদের কোনরূপ ভাতা প্রদান করা হবে না।

৯। ভর্তির সময় দাখিলকৃত শিক্ষাগত যোগ্যতার সনদপত্র এবং অন্যান্য কাগজপত্র ও ঠিকানা পরবর্তীতে ভূয়া বলে প্রমাণিত হলে সংশ্লিষ্ট প্রার্থীকে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণপূর্বক চাকুরী হতে বহিস্কার করে পুলিশের নিকট হস্তান্তর করা হবে।

বাংলাদেশ রাইফেল্‌স এ ভর্তির ব্যাপারে
প্রতারকের কবল থেকে সতর্ক থাকুন

১। বাংলাদেশ রাইফেল্‌স এ কেবলমাত্র রিক্রুটিং অফিসার কর্তৃক সরাসরি লোক ভর্তি ও নিয়োগপত্র প্রদান করা হয়ে থাকে। তাই ভর্তির ব্যাপারে প্রতারক বা দালালদের কবল হতে সতর্ক থাকুন। কেউ প্রতারণা করার চেষ্টা করলে তাকে নিকটস্থ আইন প্রয়োগকারী সংস্থার নিকট সোপর্দ করুন।

২। আপনি আপনার যোগ্যতা বলেই বাংলাদেশ রাইফেল্‌স এ সিপাহী পদের জন্য নির্বাচিত হতে পারেন, কোন ব্যক্তির তদবির বা বিশেষ প্রচেষ্টার প্রয়োজন হয় না। অতএব কোন ব্যক্তি চাকুরী দেওয়ার নিশ্চয়তা দিয়ে আপনার নিকট টাকা দাবী করলে নিশ্চিত জেনে রাখুন আপনি প্রতারিত হচ্ছেন।

৩। বাংলাদেশ রাইফেল্‌স এ সুপারিশের মাধ্যমে কোন লোক ভর্তি করা হয় না। কোন ব্যক্তি কর্তৃক সুপারিশকৃত প্রার্থীকে অযোগ্য প্রার্থী হিসেবে ঘোষণা করা হবে।

৪। বাংলাদেশ রাইফেল্‌স এ সিপাহী পদে ভর্তি কেবলমাত্র সংবাদপত্রে প্রকাশিত তারিখ ও স্থান অনুযায়ী বাংলাদেশ রাইফেল্‌স রিক্রুটিং টিমের মাধ্যমেই হয়ে থাকে, বিচ্ছিন্ন কোন স্থান, সময় বা ব্যক্তিবর্গের মাধ্যমে নয়।

৫। ভূয়া ঠিকানা, ভূয়া সনদপত্র অথবা ভুল তথ্য প্রদানের মাধ্যমে বাংলাদেশ রাইফেল্‌স এ ভর্তির তথ্য উদঘাটিত হলে চাকুরীর যে কোন পর্যায়ে শাস্তি প্রদানপূর্বক বরখাস্ত করা হবে।

৬। বাংলাদেশ রাইফেল্‌স পোশাক পরিহিত রিক্রুটিং অফিসার রিক্রুটিং টিমের অন্যান্য সদস্যদের উপস্থিতিতে জেলাসমূহের নির্ধারিত ভর্তিস্থানে নিয়োগপত্র দিয়ে থাকেন। অতএব কোন ব্যক্তি যদি অন্য কোন স্থানে নিয়োগপত্র প্রদান করতে চায় তবে নিশ্চিত ভাবে জেনে রাখুন আপনি প্রতারিত হচ্ছেন।

৭। প্রতারক সম্পর্কে সুনির্দিষ্ট অভিযোগ রিক্রুটিং অফিসারকে অথবা নিকটস্থ রাইফেল্‌স পুলিশকে অবহিত করুন।

৮। প্রাথমিক নির্বাচন, প্রাথমিক স্বাস্থ্য পরীক্ষা, লিখিত পরীক্ষা, চূড়ান্ত স্বাস্থ্য পরীক্ষা, সাক্ষাৎকার ও চূড়ান্ত নির্বাচন একই দিনে ভর্তিস্থানে সকলের সম্মুখেই অনুষ্ঠিত হয়। এই প্রক্রিয়ায় কোন প্রকার আর্থিক লেনদেনের সুযোগ নেই।

৯। উৎকোচের বিনিময়ে বাংলাদেশ রাইফেল্‌স এ কোন লোক ভর্তি করা হয় না। কোন ব্যক্তির পক্ষ হতে আপনাকে এই ধরণের প্রস্তাব দেয়া হলে মনে করবেন আপনি প্রতারিত হচ্ছেন।

১০। বাংলাদেশ রাইফেল্‌স এ ভর্তি সংক্রান্ত বিষয়ে কোন প্রকার আর্থিক লেনদেনের ঘটনা উদঘাটিত হলে সংশ্লিষ্ট ব্যক্তির চাকুরী জীবনের যে কোন পর্যায়ে তাকে শাস্তি প্রদানসহ বহিস্কার করা হয়।

১১। প্রতারকের কবল থেকে নিজে বাঁচুন, অন্যকে বাঁচান।

লে: কর্ণেল
সিনিয়র রেকর্ড অফিসার
মহাপরিচালকের পক্ষে

জিডি-২১৩৪

# Information Commission Bangladesh

Archaeology Bhaban, F-4/A, Agargaon Administrative Area
Sher-e-Bangla Nagar, Dhaka-1207

# Invitation for Tenders

## Government of the People's Republic of Bangladesh

| | | | |
|---|---|---|---|
| 1 | Ministry/Division | Ministry of Information. | |
| 2 | Agency | Information Commission Bangladesh. | |
| 3 | Procuring entity name | Information Commission Bangladesh. | |
| 4 | Procuring entity code | Not used at present. | |
| 5 | Procuring entity district | Dhaka | |
| 6 | Invitation for | Tender / Goods | Multiple Lots |
| 7 | Invitation Ref No. | OGF No. 01 | |
| 8 | Date | 04.05.2010 | |
| **KEY INFORMATION** | | | |
| 9 | Procurement method | NCT | Open |
| **FUNDING INFORMATION** | | | |
| 10 | Budget and source of funds | Revenue Budget | Government |
| 11 | Development partners (if applicable) | Not applicable | |
| **PARTICULAR INFORMATION** | | | |
| 12 | Project/programme code | 5977 | |
| 13 | Project/programme name | Supply & Installation of Furniture & Related Services. | |
| 14 | Tender package No. | 01 | |
| 15 | Tender package name | Supply & Installation of Furniture & Related Services | |
| | | **Date** | |
| 16 | Tender publication date | 05/05/2010. | |
| 17 | Tender last selling date | 19/05/2010. | |
| | | **Date** | **Time** |
| 18 | Tender sale closing date and time | 19/05/2010 | Up to 17:00 hours |
| 19 | Tender dropping date and time | 20/05/2010 | Up to 13:00 hours |
| 20 | Name & address of the office | **Address** | |
| | -Selling tender document (principal) | Admin Section, Information Commission Bangladesh. | |
| | Selling tender document (others) | Not applicable. | |
| No conditions apply for sale, purchase of distribution of tender documents | | | |
| | Receiving tender document | Admin Section, Information Commission Bangladesh. | |
| | Opening tender document | Date 20/05/2010, Time: 15 hours | |
| 21 | Place/date/time of pre-tender meeting | **Date** | **Time** |
| | | Not applicable | Not applicable |
| **INFORMATION FOR TENDERER** | | | |
| 22 | Eligibility of tenderer | Manufacturer/distributor/agent of related furniture. | |
| 23 | Brief description of goods or works | Supply of wooden and steel furniture & related services . | |
| 24 | Brief description of related services | Related services for one year. | |
| 25 | Price of tender document (Tk) | Taka 1000.00 only. | |

| | Lot No. | Identification of lot | Location | Tender security amount (Tk) | Completion time in days/ months |
|---|---|---|---|---|---|
| 26 | 1 | Conference Table (Modular) and Chairs (Black), Rostrum, Honours Boards etc | Information Commission Bangladesh | BDT 0.20 lakh | Within 15 days from ready stock |
| 27 | 2 | Full and Half-Secretariat Tables and Chairs (Black) and Sofa Sets | | BDT 0.20 lakh | As above |
| 28 | 3 | Visitors Chair (Black) and Folding System Visitors Chairs (Black) | | BDT 0.20 lakh | As above |
| 29 | 4 | Computer Tables and Chairs and Multi-purpose Shelves | | BDT 0. 10 lakh | As above |
| 30 | 5 | Steel Almirah and File Cabinets | | BDT 0.10 lakh | As above |
| 31 | 6 | Work Station for 15 persons within an area of 12' X 42' in 2nd floor. | | BDT 0.10 lakh | 1 month |

| | | | | |
|---|---|---|---|---|
| 32 | Name of official inviting tender | Mohammad Abu Taher | | |
| 33 | Designation of official inviting tender | Information Commissioner. | | |
| 34 | Address of official inviting tender | Archaeology Bhaban, F-4/A, Agargaon Administrative Area, Sher-e-Bangla Nagar, Dhaka- 1207. | | |
| 35 | Contact details of official inviting tender | Tel: 9110755 | Fax: 9110638 | E-mail: |
| 36 | The procuring entity reserves the right to reject all tenders or annul the tender proceedings. | | | |
| 37 | Signature of the official inviting tender. | | | |

Mohammad Abu Taher
Information Commissioner

GD-2181

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো
২৩২/১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা
www.bnfe.gov.bd

স্মারক নং উশিব্যু/লজিঃ/গাড়ি রক্ষণাবেক্ষণ/০৬/০৬/৫৩
তারিখঃ ১৯ বৈশাখ, ১৪১৭/০২ মে, ২০১০

# বিক্রয় দরপত্র বিজ্ঞপ্তি

উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর সমাপ্তকৃত প্রকল্পসমূহের পুরাতন/ অকেজো গাড়িসমূহ (দরপত্র দলিলে উল্লিখিত) যেখানে যে অবস্থায় আছে তার ভিত্তিতে বিক্রয়ের নিমিত্ত ক্রেতা/প্রকৃত ব্যবসায়ীর নিকট থেকে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। এ বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ থেকে ০২/০৬/২০১০ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর প্রধান কার্যালয় চত্বরে রক্ষিত গাড়িসমূহ সরেজমিনে দেখা যাবে। এ ব্যাপারে কোন তথ্য জানতে হলে সহকারী পরিচালক (অর্থ ও লজিঃ), উশিব্যু, ফোন নং-৯৮৬৩০৭৬ হতে জানা যাবে। দরপত্র দলিলের মূল্য বাবদ (প্রতিটি গাড়ির) ৫০০.০০ (পাঁচশত টাকা) মাত্র (অফেরতযোগ্য) নগদ জমা দিয়ে উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর অর্থ ও লজিষ্টিক শাখা হতে পত্রিকায় বিজ্ঞপ্তির তারিখ হতে আগামী ১৩/০৬/২০১০ তারিখ পর্যন্ত (অফিস চলাকালীন সময়ে) দরপত্র দলিল সংগ্রহ করা যাবে এবং আগামী ১৪/০৬/২০১০ তারিখ দুপুর ১২.০০ টা পর্যন্ত উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর পরিচালক (প্রশাসন) মহোদয়ের কার্যালয় (২য় তলা)/ঢাকা বিভাগীয় কমিশনার কার্যালয়, ঢাকায় রক্ষিত টেন্ডার বাক্সে দরপত্র দাখিল করা যাবে। একই দিন বিকেল ৩.০০টায় উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর কনফারেন্স রুম, ২য় তলা-এ উপস্থিত দরদাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্রসমূহ খোলা হবে।

এ.এফ.এম ফারুক হোসেন
পরিচালক (প্রশাসন ও অর্থ)
ফোন: ৯৮৬৩০৭৮

জিডি-২১৫৮

## চট্টগ্রাম মহানগরী এলাকায় অবৈধভাবে ওয়াসার পানি সংযোগ গ্রহণকারী সম্পর্কে তথ্য প্রদান প্রসংগে

# পুনঃ জরুরি বিজ্ঞপ্তি

চট্টগ্রাম মহানগরীতে কোন ব্যক্তিগত/প্রতিষ্ঠানের স্থাপনায় চট্টগ্রাম ওয়াসার কোন অবৈধ পানি সংযোগ থাকলে বিজ্ঞপ্তি প্রকাশের পর হতে ২২শে মে ২০১০ইং এর মধ্যে বৈধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য স্থানীয় দৈনিক আজাদী/ দৈনিক পূর্বকোণ/ঢাকার ডেইলী স্টার পত্রিকায় গত ০৪/০৩/১০ ও ৭/৩/১০ইং তারিখে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছিল। কিন্তু পত্রিকায় বিজ্ঞপ্তি প্রচারের পর হতে এখনো পর্যন্ত আশানুরূপ সাড়া পাওয়া যাচ্ছে না। তাই আগামী ২২/৫/২০১০ইং তারিখের মধ্যে কারো কোন চট্টগ্রাম ওয়াসার অবৈধ সংযোগ থাকলে তা বৈধকরণের জন্য পুনঃ বিজ্ঞপ্তি প্রচার করা হলো। উক্ত তারিখের পর কোন অবৈধ সংযোগ পাওয়া গেলে সংশ্লিষ্ট ব্যক্তি/প্রতিষ্ঠানের বিরুদ্ধে অর্থদণ্ড আরোপসহ ফৌজদারী বিচারের আওতায় মামলা করা হবে। উক্ত সময়ের পরে ওয়াসার কোন অবৈধ বা অনিয়মিত সংযোগের বিষয়ে তথ্য প্রদানকারীকে ২০,০০০/- (বিশ হাজার) টাকা পুরস্কার প্রদান করাসহ তথ্য প্রদানকারীর পরিচয় গোপন রাখা হবে।

এসপিআর ৫৯/০৫/০৫/১০

জিডি-২১৯৯

চট্টগ্রাম ওয়াসা

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বস্ত্র ও পাট মন্ত্রণালয়
নীতি-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নং-বপম/নীতি-২/বিজেসিবিক-২২০/০৫/১৩৭ তারিখঃ ০৪-০৫-২০১০খ্রিস্টাব্দ / ২১-০১-১৪১৭বঙ্গাব্দ

# বিষয়ঃ পুনঃ দরপত্র বিজ্ঞপ্তি

নং-১০/৯৬ (৬ষ্ঠ বার)

এতদ্বারা বিলুপ্ত বিজেসি'র নিম্নোক্ত গ্রুপসমূহের সম্পত্তি যেখানে যে অবস্থায় আছে (অবকাঠামোসহ) বিক্রয়ের জন্য দরপত্র আহ্বান করা যাচ্ছে। দরপত্র সিডিউল এবং শর্তাবলী বিজেসি'র প্রধান কার্যালয় (আদমজী কোর্ট, এনেক্স ভবন-২, ১১৯-১২০, মতিঝিল বা/এ, ঢাকা) হতে ৫০০/- (পাঁচশত) টাকার (অফেরতযোগ্য) ডিডি/পে-অর্ডার/ব্যাংক ড্রাফ্‌ট এর বিনিময়ে ক্রয় করা যাবে। সিডিউল ক্রয়ের ক্ষেত্রে ঢাকা মহানগরের বাইরের কোন পে-অর্ডার গ্রহণযোগ্য হবে না।

দরপত্রে প্রদত্ত সম্পদের পরিমাণ কম/বেশী হতে পারে। বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের সচিব বরাবর পে-অর্ডার/ব্যাংক ড্রাফ্‌ট এর মাধ্যমে উদ্ধৃত মূল্যের ২.৫% হারে আর্নেস্টমানি জমা দিতে হবে। দরপত্র সিডিউলের শর্তানুযায়ী ক্রেতাকে মূল্য পরিশোধ করতে হবে। আয়কর বিধি মোতাবেক ক্রেতাকে সম্পদের মূল্য পরিশোধের পর বিক্রয় মূল্যের উপর ৩% হারে অগ্রিম আয়কর ও সরকার কর্তৃক নির্ধারিত অন্যান্য করাদি (প্রযোজ্য ক্ষেত্রে) প্রদান করতে হবে। দরপত্র সিডিউলের শর্তানুযায়ী ক্রেতাকে সমুদয় মূল্য ইচ্ছাপত্র জারির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে পরিশোধ করতে হবে।

১০/৫/২০১০ হতে ২৩/৫/১০ তারিখ অফিস চলাকালীন সময়ে উপরোক্ত ঠিকানায় দরপত্র সিডিউল ক্রয় করা যাবে। ২৫/৫/২০১০ তারিখ বিকাল ১.০০ ঘটিকা হতে ২.০০ ঘটিকা পর্যন্ত বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকায় রক্ষিত দরপত্র বাক্সে (ভবন নং-৬, কক্ষ নং-৭০৮-৭১০) দরপত্র গ্রহণ করা হবে। একই দিন বেলা ২.১৫ ঘটিকার সময় দরপত্রদাতাগণের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) প্রাপ্ত দরপত্রসমূহ খোলা হবে।

কর্তৃপক্ষ কোন কারণ না দেখিয়ে আংশিক বা সকল দরপত্র বাতিল/গ্রহণ করার ক্ষমতা সংরক্ষণ করেন।

| গ্রুপ নং | সম্পদের বিবরণ |
|---|---|
| গ্রুপ নং-১২ (৬ষ্ঠ বার) | নারায়ণগঞ্জ জেলার সিদ্ধিরগঞ্জ থানায় অবস্থিত গোদনাইল প্রেস হাউজের অস্থাবর সম্পদ তথা অফিস ইকুপমেন্টস, আসবাবপত্র, ফায়ার ইকুইপমেন্টস ও জিআই পাইপ (যেখানে যে অবস্থায় আছে)। মূল্যায়িত দরঃ ৩১,৬৬,৪৯০/- (একত্রিশ লক্ষ ছিষট্টি হাজার চারশত নব্বই) টাকা। |

মোঃ আবদুল হালিম
সহকারী সচিব
ফোনঃ ৯৫৫২৪০৮

জিডি-২১৭৯

# পুনঃ দরপত্র বিজ্ঞপ্তি

বিদ্যুৎ সাশ্রয়ী বাতি ব্যবহার করুন

| | | |
|---|---|---|
| ০১ | মন্ত্রণালয়/বিভাগ | বিজ্বাখস মন্ত্রণালয়/বিদ্যুৎ বিভাগ। |
| ০২ | এজেন্সি | বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড। |
| ০৩ | সংগ্রাহক সত্তার নাম | নির্বাহী প্রকৌশলী, পিসি পোল নির্মাণ প্লান্ট, চট্টগ্রাম। |
| ০৪ | সংগ্রাহক সত্তার জেলা | চট্টগ্রাম। |
| ০৫ | আহবানের নাম | ০১) বিভাগীয় গুদামে সিলেট বালি সরবরাহ (২য় ধাপ)। |
| ০৬ | আহবানের সূত্র নং ও তারিখ | ২৬(০১)/পিসি/চট্টঃ/১-৬/২০০৯-২০১০/৮১৮ তারিখঃ ২৮/০৪/২০১০খ্রীঃ। |
| ০৭ | সংগ্রহ পদ্ধতি | খোলা দরপত্র। |
| ০৮ | বাজেট ও টাকার উৎস | রাজস্ব। |
| ০৯ | দরপত্র প্রচারের তারিখ | ২৮/০৪/২০১০খ্রীঃ। |
| ১০ | দরপত্র বিক্রয়ের শেষ দিন ও সময় | ২৩/০৫/২০১০, সময় ১৬ঃ০০ ঘটিকা। |
| ১১ | দরপত্র বাক্স বন্ধের তারিখ ও সময় | ২৪/০৫/২০১০, সময় ১২ঃ০০ ঘটিকা। |
| ১২ | দরপত্র খোলার তারিখ ও সময় | ২৪/০৫/২০১০, সময় ১২ঃ৩০ ঘটিকা। |
| ১৩ | দপ্তর/দপ্তরসমূহের নাম ও ঠিকানাঃ i) দরপত্র দলিল বিক্রির দপ্তর (প্রধান) | ক) প্রধান প্রকৌশলী, পূর্তকর্ম, ১নং আব্দুল গণি রোড, বিদ্যুৎ ভবন (নীচ তলা), বিউবো, ঢাকা। খ) পরিচালক, পূর্তকাজ, ১নং আব্দুল গণি রোড, বিদ্যুৎ ভবন (৫ম তলা), বিউবো, ঢাকা। গ) নির্বাহী প্রকৌশলীর দপ্তর, পিসি পোল নির্মাণ প্লান্ট, বিউবো, হালিশহর, চট্টগ্রাম। |
| | ii) দরপত্র দলিল বিক্রির দপ্তর (অন্যান্য) | প্রযোজ্য নয়। |
| | iii) দরপত্র দলিল গ্রহণ | নির্বাহী প্রকৌশলীর দপ্তর, পিসি পোল নির্মাণ প্লান্ট, বিউবো, হালিশহর, চট্টগ্রাম। |
| | iv) দরপত্র দলিল খোলার দপ্তর | নির্বাহী প্রকৌশলীর পিসি পোল নির্মাণ প্লান্ট, বিউবো, হালিশহর, চট্টগ্রাম-এর দপ্তর। |
| ১৪ | দরদাতার যোগ্যতা | প্রকৃত সরবরাহকারী প্রতিষ্ঠান এবং টেন্ডার ডকুমেন্টের Section-2 এর "C" অনুযায়ী দরপত্রের অংশগ্রহণ করিতে পারিবে এবং সরবরাহকারী প্রতিষ্ঠানের মালিকানা দলিল, হালনাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর সনদপত্র, ভ্যাট রেজিস্ট্রেশন এবং অভিজ্ঞতার (কার্য সম্পাদনের সনদপত্র) এর সত্যায়িত ছায়ালিপি দরপত্রের সহিত সংযোজনপূর্বক এবং টেন্ডার ডকুমেন্টের Section-1 এর "E-29" অনুযায়ী সীলমোহরকৃত খামের উপর সরবরাহের নাম এবং প্রতিষ্ঠানের নাম ঠিকানা উল্লেখ ও স্বাক্ষর করিয়া দরপত্র দাখিল করিতে হইবে। |

| ১৫ | ক্রঃ নং | প্যাকেজ নম্বর | প্যাকেজ পরিচিত | অবস্থান | দরপত্র দলিলের অফেরতযোগ্য মূল্য (টাকা) | টেন্ডার সিকিউরিটি (টাকা) | সরবরাহ সম্পন্ন করণের সময়সীমা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| | ০১। | RM-6(ii) | ৬০০ ঘঃমিঃ সিলেট বালি সরবরাহ (২য় ধাপ) | চট্টগ্রাম পিসি পোল নির্মাণ প্লান্ট ভান্ডার | ৭০০/- (সাতশত) টাকা | ১৫,০০০/- (পনের হাজার) টাকা | ৩০ (ত্রিশ) দিন | ক) দরপত্র ক্রয়মূল্য (টাকা) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে উপ-পরিচালক (হিসাব), আহিদ, চবিস, বিউবো, আগ্রাবাদ, চট্টগ্রাম এর অনুকূলে গ্রহণপূর্বক দাখিল করিতে হইবে। খ) টেন্ডার সিকিউরিটি (টাকা) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/ব্যাংক গ্যারান্টি আকারে উপ-পরিচালক (হিসাব), আহিদ, চবিস, বিউবো, আগ্রাবাদ, চট্টগ্রাম এর অনুকূলে গ্রহণপূর্বক দরপত্রের সহিত দাখিল করিতে হইবে। |

| | | |
|---|---|---|
| ১৬ | দরপত্র আহবানকারীর নাম | প্রকৌঃ এস এম এ আজিম। |
| ১৭ | দরপত্র আহবানকারীর পদবী | নির্বাহী প্রকৌশলী। |
| ১৮ | দরপত্র আহবানকারীর ঠিকানা | পিসি পোল নির্মাণ প্লান্ট, বিউবো, হালিশহর, রামপুর, চট্টগ্রাম-৪২২৮। |
| ১৯ | দরপত্র আহবানকারীর বিস্তারিত যোগাযোগের ঠিকানা | পিসি পোল নির্মাণ প্লান্ট, বিউবো, হালিশহর, রামপুর, চট্টগ্রাম-৪২২৮। ফোনঃ ০৩১-৭২ ৮০৯১। ই-মেইলঃ pcpctg53@bttb.net.bd/people ctg@yahoo.com |
| ২০ | সকল দরপত্র বাতিল/গ্রহণের ক্ষমতা সংগ্রাহক সত্তা কর্তৃক সংরক্ষিত। | |
| ২১ | বিশেষ নির্দেশিকাঃ- দরপত্রের সকল শর্তাবলী সিডিউলে বিস্তারিত বর্ণিত আছে। | |

প্রকৌঃ এস এম এ আজিম
নির্বাহী প্রকৌশলী, আইডি নং- ১-০৯৫৫
পিসি পোল নির্মাণ প্লান্ট, বিউবো, হালিশহর, চট্টগ্রাম

বিদ্যুৎ/জন-১৬৭১(৩)/৪/৫/১০
জিডি-২১৭০

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ ভবন
৯২-৯৩, বীর উত্তম এ কে খন্দকার রোড (মহাখালী বা/এ), ঢাকা

স্মারক নং-ত্রাপুঅ/প্রঃ-২/শূঃপঃনিঃ-৪৬/২০১০/২৮৩, তারিখঃ ০৫/০৫/২০১০ খ্রিঃ / ২২/০১/১৪১৭ বাং

# সংরক্ষিত পদে নিয়োগের জন্য নিয়োগ বিজ্ঞপ্তি

**(মুক্তিযোদ্ধা, সরকারি এতিমখানার নিবাসী, বেসরকারি এতিমখানার নিবাসী ও শারিরীক প্রতিবন্ধীদের জন্য)**

সংস্থাপন মন্ত্রণালয়ের পত্র নং সম(এসপি)-১১/২০০৭/৬২৩/১(৪) তাং-২৮ মে, ২০০৯, এবং খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়ের স্মারক নং-খাদুব্যম/ত্রাণ-প্রশাসন/৭১/২০০৫(পদ ছাড় সংক্রান্ত)/৯১২ তারিখ-১৫/০৬/২০০৯ মোতাবেক ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন রাজস্ব খাতভুক্ত নির্ধারিত বেতনস্কেলে নিম্নবর্ণিত ৩য় শ্রেণীর শূন্য পদ অস্থায়ী ভিত্তিতে পূরণের জন্য আগ্রহী প্রার্থীদের নিকট হতে সাদা কাগজে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | বেতন স্কেল | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১। | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ৪৭০০-৯৭৪৫/- | ১। মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধা সন্তানদের জন্য ০৪ (চার)টি পদ<br>২। প্রতিবন্ধীদের জন্য ০২ (দুই)টি পদ<br>মোট-০৬ (ছয়)টি পদ | ১। কমপক্ষে উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ<br>২। বাংলা ও ইংরেজি টাইপের গতি প্রতি মিনিটে যথাক্রমে ২০ এবং ৩০ শব্দ হতে হবে।<br>৩। কম্পিউটারে এ্যাপটিচ্যুড পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। | যে সকল জেলার বাসিন্দারা আবেদন করতে পারবেনঃ ঢাকা, ফরিদপুর, গাজীপুর, কিশোরগঞ্জ, ময়মনসিংহ, মুন্সীগঞ্জ, নারায়ণগঞ্জ, নেত্রকোনা, শেরপুর, ভোলা, চট্টগ্রাম, কক্সবাজার, নোয়াখালী, খাগড়াছড়ি, সুনামগঞ্জ, হবিগঞ্জ, মৌলভীবাজার, রাজশাহী, পাবনা, ঠাকুরগাঁও, পঞ্চগড়, নীলফামারী, নাটোর, নওগাঁ, লালমনিরহাট, কুড়িগ্রাম, দিনাজপুর, খুলনা, সাতক্ষীরা, যশোর, বাগেরহাট ও ঝিনাইদহ। |

২। প্রার্থীদেরকে খামের উপরে পদের নাম এবং দরখাস্তকারীর নিজ জেলার নামসহ পূর্ণ ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখতে হবে। স্বহস্তে লিখিত আবেদনপত্র আগামী ১৭/০৫/২০১০খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে পরিচালক (প্রশাসন), ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তর, ৯২-৯৩, বীর উত্তম এ কে খন্দকার রোড (মহাখালী বা/এ), ঢাকা-১২১২ বরাবরে পৌছাতে হবে।

৩। সাদা কাগজে নিম্নবর্ণিত বিবরণাদি উল্লেখ করে আবেদন করতে হবেঃ (ক) প্রার্থীর নাম (স্পষ্ট অক্ষরে) (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) শিক্ষাগত যোগ্যতা (ছ) জন্ম তারিখ (এফিডেভিট কোনক্রমেই গ্রহণযোগ্য নহে) (জ) জাতীয়তা (ঝ) ধর্ম (ঞ) বৈবাহিক অবস্থা (ট) অভিজ্ঞতা (ঠ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি (যদি থাকে)। অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে) (ড) প্রার্থী কোন কোটায় আবেদন করবেন তা সুনির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে।

৪। আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে।

(ক) শিক্ষাগত যোগ্যতা এবং অভিজ্ঞতার সকল সনদপত্রের সত্যায়িত ছায়ালিপি।

(খ) অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদের ক্ষেত্রে সরকার অনুমোদিত কোন কম্পিউটার প্রশিক্ষণ প্রতিষ্ঠানের বাংলা এবং ইংরেজি টাইপসহ MS Word, MS Excel, এবং MS Power Point এ প্রশিক্ষণ গ্রহণের সার্টিফিকেটের সত্যায়িত ছায়ালিপি।

(গ) সম্প্রতি তোলা ২ কপি পাসপোর্ট সাইজের ছবি গেজেটেড ১ম শ্রেণীর সরকারি কর্মকর্তা কর্তৃক সত্যায়িত।

(ঘ) প্রথম শ্রেণীর গেজেটেড সরকারি কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

(ঙ) স্ব-স্ব এলাকার ইউনিয়ন পরিষদ/ পৌরসভা চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র।

(চ) মুক্তিযোদ্ধার সন্তান হিসেবে প্রার্থীতার সপক্ষে তার পিতা/মাতার অনুকূলে ইস্যুকৃত বৈধ মুক্তিযোদ্ধার সনদপত্রের সত্যায়িত ছায়ালিপি।

৫। সরকারি এতিমখানার নিবাসী, বেসরকারি এতিমখানার নিবাসীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রত্যয়নপত্র এবং শারিরীক প্রতিবন্ধিদের ক্ষেত্রে বিবরণসহ উপযুক্ত কর্তৃপক্ষ/ মেডিকেল অফিসারের প্রত্যয়নপত্র আবেদনের সঙ্গে দিতে হবে।

৬। ১৭/০৫/২০১০খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স ৩০ বছরের মধ্যে হতে হবে (মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তানদের ক্ষেত্রে ৩২ বছর)।

৭। চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৮। সকল পদের জন্য পরিচালক (প্রশাসন), ত্রাণ ও পুণর্বাসন অধিদপ্তর, ৯২-৯৩, বীর উত্তম এ কে খন্দকার রোড (মহাখালী বা/এ), ঢাকা-১২১২ এর বরাবরে সোনালী ব্যাংক/জনতা ব্যাংক কর্তৃক ১০০/- (একশত) টাকার ব্যাংক ড্রাফ্‌ট/ পে-অর্ডার আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।

৯। প্রাপ্ত আবেদন যাচাই/বাছাইয়ের পর কেবলমাত্র উপযুক্ত প্রার্থীদের লিখিত পরীক্ষা/সাক্ষাৎকারের জন্য ডাকা হবে। এর জন্য কোন টিএ/ডিএ দেয়া হবে না।

১০। অসম্পূর্ণ/বিলম্বে প্রাপ্ত আবেদন এবং আবেদনপত্রের গায়ে কোন প্রকার সুপারিশ থাকলে আবেদনপত্রটি সরাসরি বাতিল বলে গণ্য হবে। আবেদনে ও কাগজপত্রে কোন ধরণের ঘষামাজা/কাটাকাটি থাকলে আবেদনপত্রটি সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১১। উপরোক্ত শর্তাবলীর যে কোন অংশ সংশোধন/সংযোজনসহ যে কোন আবেদনপত্র গ্রহণ/বাতিলের পূর্ণ অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

মোহাম্মদ আনিছুর রহমান
উপ-পরিচালক (প্রশাসন-২)

জিডি-২১৮৫